

শিক্ষা অধিদপ্তরে আগুনের ঘটনায় তদন্ত কমিটি গঠনের নির্দেশ

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০১ মে ২০২৬, ১৭:০৫



মিরপুরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অগ্নিকাণ্ডের ঘটনা স্থল সরেজমিনে পরিদর্শন করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আন ম এহছানুল হক মিলন। ছবি: সংগৃহীত

Advertisement: 0:19

রাজধানীর মিরপুরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অগ্নিকাণ্ডের ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আন ম এহছানুল হক মিলন।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শুক্রবার (১ মে) ঘটনাস্থল পরিদর্শন করেন শিক্ষামন্ত্রী। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা সচিবকে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠনের নির্দেশ দেন তিনি।

মন্ত্রণালয় জানায়, শুক্রবার ভোর আনুমানিক ৫টার দিকে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

পরিদর্শনকালে মন্ত্রী বলেন, আগুন লাগার পেছনে কোনো নাশকতার সংশ্লিষ্টতা আছে কি না, তা খতিয়ে দেখতে হবে। এ বিষয়ে পুলিশকে প্রয়োজনীয় নির্দেশনাও দেন তিনি। পাশাপাশি দ্রুত তদন্ত করে প্রতিবেদন জমা দেওয়ার তাগিদ দেন।

এ সময় প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী বিবি হাজ্জাজ, সচিব মো. সাখাওয়াত হোসেন এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহীনা ফেরদৌসী উপস্থিত ছিলেন।